

হোম এসাইনমেন্ট

শ্রেণি: নবম

বিষয়: বাংলা ১ম পত্র

পূর্ণ মান: ৫০

ক) জ্ঞানমূলক প্রশ্ন: ২০ টি ।

$20 \times 1 = 20$

১. কাঙালীর মা পুনরায় বিয়ে করলেন না কেন?
২. ‘অভাগীর স্বর্গ’ গল্পে কে স্থানীয় নয়?
৩. ‘অনিমেষ’ অর্থ কী?
৪. ‘কপোতাক্ষ নদ’ কবিতায় আত্মপ্রবর্ঘনার কথা বলা আছে কোন অংশে?
৫. মাইকেল মধুসূদন দত্ত কত বছর বেঁচে ছিলেন?
৬. ‘লালমতি’ গ্রন্থটির লেখক কে?
৭. তোমাদের পাঠ্যবইয়ের কোন কবিতাটি ‘নূরনামা’ কাব্য গ্রন্থ থেকে নেয়া হয়েছে?
৮. মানুষ কোন বিষয়টিকে নিয়ন্ত্রণ করতে পারে না?
৯. ‘অনিত’ শব্দের ২টি সমার্থক শব্দ লিখ ।
১০. কপোতাক্ষ নদ কবিতার ২টি বৈশিষ্ট্য লিখ ।
১১. ‘কাকতাড়ুয়া’ উপন্যাসটির বিষয়বস্তু কী?
১২. ‘কাকতাড়ুয়া’ উপন্যাসে রাজাকারের নাম কী?
১৩. ‘সোনার ঘর’ বলতে কী বোঝানো হয়েছে?
১৪. উপন্যাসের ইংরেজি প্রতিশব্দ কী?
১৫. কোন সাহিত্যিক কর্মজীবনে বাংলা একাডেমির পরিচালক ছিলেন?
১৬. কাকতাড়ুয়া উপন্যাসে বুধার বৈশিষ্ট্য কী কী?
১৭. ‘চিরকাল’ শব্দের প্রতিশব্দ কী?
১৮. বিদ্যার সাধনা কাকে অর্জন করতে হয়?
১৯. দুলদের পেশা কী?
২০. ‘অভাগীর স্বর্গ’ গল্পের উৎস কী?

খ) সৃজনশীল প্রশ্ন ৩টি

১. বহুদিন পরে মনে পড়ে আজি পল্লী মায়ের কোল

ঝাউশাখে সেথা বুনো লতা বাঁধি হরমে খেয়েছি দোল ।

কুলের কাটার আঘাত সহিয়া কাঁচা পাকা কুল খেয়ে ,

অন্তের আদ যেন লভিয়াছি গায়ের দুলালি মেয়ে ।

ক) ‘কপোতাক্ষ নদ’ কবিতাটি কোন গ্রন্থ থেকে গৃহীত হয়েছে? ১

খ) ‘কিন্ত এ মেহের তৃষ্ণা মিটে কার জলে’ বলতে কবি কী বুঝিয়েছেন? ২

গ) উদ্দীপকের ভাবের সঙ্গে ‘কপোতাক্ষ নদ’ কবিতার যে দিক দিয়ে সাদৃশ্য রয়েছে, তা ব্যাখ্যা কর । ৩

ঘ) ‘উদ্দীপক এবং ‘কপোতাক্ষ নদ’ রচনার পেছনে একই চেতনা কাজ করেছে’ মন্তব্যটির যথার্থতা নির্ণয় কর । ৪

২. হরেন জাতিতে নাপিত। বাজারে সেলুনে চুল কাটে। আপন বলতে আছে কেবল মা-টি। বাবাকে খুব ছোট থাকতেই হারিয়েছে। একদিন হঠাৎ করে তার মা মারা গেল। প্রতাপশালী প্রতাব রায়-এর কাছে ছুটে যায় হরেন। মা'র সৎকারের জন্য কাঠ চাইতে। প্রতাব রায় হরেনকে নীচু জাত বলে অবজ্ঞা করলেন এবং দূর দূর করে তাড়িয়ে দিলেন।

ক) অভাগী কাঙালীকে কার কাছ থেকে আলতা আনতে বলেছিল? ১

খ) কাঙালীর মা'র শেষকৃত্য কীভাবে সম্পন্ন হলো? ২

গ) উদ্দীপকের 'হরেন' চরিত্রে 'অভাগীর স্বর্গ' গল্পের কোন চরিত্রটি ফুটে উঠেছে? তা তুলে ধর। ৩

ঘ) 'প্রতাব রায় আর অধর রায় মুদ্রার এপিঠ ওপিঠ মাত্র' উদ্দীপক ও সংশ্লিষ্ট গল্প অবলম্বনে বিশ্লেষণ কর।

৩. (i) আসবে পথে আঁধার নেমে

তাই বলে কি রইবে থেমে?

বারে বারে জ্বালবি বাতি

হয়তো বাতি জ্বলবে না,

তাই বলে তো ভীরুর মতো

বসে থাকলে চলবে না।

(ii) সময়ের মূল্য বুঝে করে যারা কাজ

তারা আজ স্মরণীয় জগতের মাঝ

(ক) 'জীবন-সঙ্গীত' কবিতা কোন কবিতার ভাবানুবাদ? ১

(খ) সংসারকে সমরাঙ্গন বলার কারণ কী? ব্যাখ্যা করো। ২

(গ) উদ্দীপক (i) 'জীবন-সঙ্গীত' কবিতার কোন অংশের সঙ্গে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা করো। ৩

(ঘ) 'জগতের মাঝে স্মরণীয় হতে হলে প্রাতঃস্মরণীয়দের অনুসরণ করতে হবে'- উদ্দীপক (ii) ও 'জীবন-সঙ্গীত' কবিতা অবলম্বনে বিশ্লেষণ করো। ৪

১. রমজান মিয়া পার্কে ঘুরেঘুরে বাদাম বিক্রি করে। জীবিকার তাড়নায় সে তার ছোট মেয়ে তুলিকে গ্রামে রেখে আসার ফলে স্নেহ দেবার সুযোগ পায় না। সারা দিন পার্কে হাজারো মানুষের সাথে দেখা হয়। তার মেয়ে তুলির বয়সী কাউকে দেখলেই তার পিতৃহৃদয় হাহাকার করে ওঠে!
- ক) কাবুলিওয়ালার নাম কী? ১
- খ) “খোঁখীকে একবার দেখিতে পাইব না?”—কথাটি কে, কাকে, কেন বলেছিলো? ২
- গ) উদ্দীপকের বেলালের সাথে ‘কাবুলিওয়ালা’ গল্পের কোন্ চরিত্রের মিল আছে? ব্যাখ্যা কর। ৩
- ঘ) ‘পিতৃহৃদয়ের স্নেহের ধরণ ধনী-দরিদ্র সবার ক্ষেত্রেই এক।’—এ ব্যাপারে উদ্দীপক ও ‘কাবুলিওয়ালা’ গল্পের আলোকে তোমার ঘটাঘত তুলে ধর। ৪